



অতি জরুরি

ই-মেইল/বিশেষ বাহক মারফত

তারিখ : ২৩ বৈশাখ, ১৪২৭  
০৬ মে, ২০২০

স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.১৭৩

### জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়: স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মসজিদসমূহে সর্বসাধারণের জামায়াতে নামায আদায় প্রসঙ্গে।**


করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত কারণে সারা দেশে বন্ধ ঘোষণা ও জনসমাগম নিষেধাজ্ঞা জারি করা হয়। তৎপ্রেক্ষিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ০৬.০৪.২০২০ খ্রি. তারিখ এবং ২৩.০৪.২০২০ খ্রি. তারিখের বিজ্ঞপ্তির মাধ্যমে মসজিদসমূহে পাঁচ ওয়াক্ত নামাজ, জুম'আ এবং পবিত্র রমজান মাসে তারাবীহ'র জামায়াত সীমিত আকারের আদায়ের জন্য নির্দেশনা প্রদান করে বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। দেশের শীর্ষ স্থানীয় আলেম ওলেমাগণও পবিত্র রমজানুল মোবারক মাসের গুরুত্ব বিবেচনা করে মসজিদে নামাজ আদায়ের শর্ত শিথিল করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী বরাবর জোর দাবি জানিয়েছেন। সম্প্রতি সরকার সার্বিক বিবেচনায় কিছু কিছু ক্ষেত্রে বন্ধ ঘোষণার নিষেধাজ্ঞা শিথিল করেছে। তৎপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ, জনস্বাস্থ্য বিবেচনায় স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশাবলি অনুসরণপূর্বক বিশেষ সতর্কতামূলক বিষয়াদি মেনে চলার শর্তে ০৭ মে, ২০২০ তারিখ জোহরের ওয়াক্ত থেকে সুস্থ মুসল্লীদের মসজিদে জামায়াতে নামাজ আদায়ের সুযোগ প্রদানের পরামর্শ প্রদান করেছে।

২। বর্ণিত অবস্থায় দেশের শীর্ষ স্থানীয় আলেম ওলেমার সঙ্গে পরামর্শ করে ০৭ মে, ২০২০ তারিখ জোহরের ওয়াক্ত থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মসজিদসমূহ সুস্থ মুসল্লীদের উপস্থিতিতে জামায়াতে নামাযের জন্য অনুমতি প্রদান করা হলো:

১. মসজিদে কার্পেট বিছানো যাবে না। পাঁচ ওয়াক্ত নামাজের পূর্বে সম্পূর্ণ মসজিদ জীবানুশক দ্বারা পরিষ্কার করতে হবে, মুসল্লীগণ প্রত্যেকে নিজ নিজ দায়িত্বে জায়নামাজ নিয়ে আসবেন;
২. মসজিদের প্রবেশদ্বারে হ্যান্ড স্যানিটাইজার/হাত ধোয়ার ব্যবস্থাসহ সাবান-পানি রাখতে হবে এবং আগত মুসল্লীকে অবশ্যই মাঙ্ক পরে মসজিদে আসতে হবে;
৩. প্রত্যেককে নিজ নিজ বাসা থেকে ওয়াক্ত করে, সন্মাত নামাজ ঘরে আদায় করে মসজিদে আসতে হবে এবং ওজু করার সময় কমপক্ষে ২০ সেকেন্ড সাবান দিয়ে হাত ধুতে হবে;
৪. কাতারে নামাজে দাড়ানোর ক্ষেত্রে সামাজিক দূরত্ব অর্থাৎ তিন ফুট পর পর দাঁড়াতে হবে;
৫. এক কাতার অন্তর অন্তর কাতার করতে হবে;
৬. শিশু, বয়বৃদ্ধ, যে কোন অসুস্থ ব্যক্তি এবং অসুস্থদের সেবায় নিয়োজিত ব্যক্তি জামায়াতে অংশগ্রহণ করতে পারবেন না;
৭. সংক্রমণ রোধ নিশ্চিতকল্পে মসজিদের ওয়াক্তানায় সাবান/হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে। মসজিদে সংরক্ষিত জায়নামাজ ও টুপি ব্যবহার করা যাবে না;
৮. সর্বসাধারণের সুরক্ষা নিশ্চিত কল্পে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনীর নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
৯. মসজিদে ইফতার ও সেহরির আয়োজন করা যাবে না।
১০. উল্লিখিত শর্ত পালন সাপেক্ষে প্রত্যেক মসজিদে সর্বোচ্চ পাঁচজন নিরাপদ দূরত্ব বজায় রেখে ইতেকাফ এর জন্য অবস্থান করতে পারবেন;
১১. করোনা ভাইরাস মহামারি থেকে রক্ষা পাওয়ার জন্য নামাজ শেষে মহান রাক্বুল আলামিনের দরবারে দোয়া করার জন্য খতিব ও ইমামগণকে অনুরোধ করা যাচ্ছে; এবং
১২. খতিব, ইমাম এবং মসজিদ পরিচালনা কমিটি বিষয়গুলো বাস্তবায়ন নিশ্চিত করবে।

৩। উল্লিখিত নির্দেশনা লংঘিত হলে স্থানীয় প্রশাসন ও আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী সংশ্লিষ্ট দায়িত্বশীলদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করবে। প্রাণঘাতী করোনা ভাইরাস সংক্রমণ রোধে স্থানীয় প্রশাসন, আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী, ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট মসজিদের পরিচালনা কমিটিকে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

  
০৬.০৫.২০২০

মোঃ সাখাওয়াৎ হোসেন

উপসচিব

ফোন-৯৫৪৫৭৩৮

e-mail: [moragovbd@gmail.com](mailto:moragovbd@gmail.com)